

আমার মনের জোছনা লিরিক্স:-

তুমি আমার কাছে ফুটফুটে ওই রাতের শুকতারা
তাই রাত জাগিয়ে মনের সুখে দেই যে পাহারা,
তুমি আমার কাছে শিশির ভেজা সোনালী সকাল
তোমায় একনজর দেখিয়া আমি হয়ে যাই মাতাল।

তুমি আমার কাছে যুদ্ধে জয়ী সাত রাজ্যের ধন
শত বাধা ডিঙ্গায় পাইছি তোমায় মনের মতো মন,
আমার মনের জোছনা আমি কাউকে দেবোনা
তোমায় গাঁইথা রাখছি মনের মাঝে নিজেও জানোনা,
যতই করো বাহানা তোমায় যেতে দিবো না
আমি পাগল হয়ে ঘুরবো তবু পিছু ছাড়বো না।

তোমার মিষ্টি ওই চুলের সুবাস ভালোলাগে খুব
বড়ো ইচ্ছে করে তোমার মাঝে হারাই দিয়ে ডুব,
আমার মন যে মানে না, আর দূরে থেকে না,
আমার মন যে মানে না, আর দূরে থেকে না
আমার পরান'পাখি তুমি বীণে থাকে আনমনা।
আমার মনের জোছনা আমি কাউকে দেবো না
তোমায় গাঁইথা রাখছি মনের মাঝে নিজেও জানোনা,
যতই কর বাহানা তোমায় যেতে দিবো না
আমি পাগল হয়ে ঘুরবো তবু পিছু ছাড়বো না।

তোমায় এক পলক দেখলে এ মন রয় না আমার ঘরে
সে ছটফটাইয়া ঘুইরা বেড়ায় কি জানি কি করে,
আমি কিছুই জানি না, তুমি কেন আসো না,
আমি কিছুই জানি না, তুমি কেন আসো না,
তুমি আমার কাছে আঁধার ঘরের আলোরই বন্যা।
আমার মনের জোছনা আমি কাউকে দেবো না
তোমায় গাঁইথা রাখছি মনের মাঝে নিজেও জানো না,
যতই কর বাহানা তোমায় যেতে দিবো না
আমি পাগোল হয়ে ঘুরবো তবু পিছু ছাড়বো না।

আমার মনের জোছনা আমি কাউকে দেবো না
তোমায় গাঁইথা রাখছি মনের মাঝে নিজেও জানো না,
যতই কর বাহানা তোমায় যেতে দিবো না
আমি পাগোল হয়ে ঘুরবো তবু পিছু ছাড়বো না।